



‘জেন জি’ তরুণদের আন্দোলনে নেপালের প্রধানমন্ত্রীর পদত্যাগ



সংগৃহীত ছবি

ছাত্র-জনতার দুর্নীতিবিরোধী আন্দোলনে উত্তাল নেপাল। টানা বিক্ষোভ, সংঘর্ষে ১৯ জন নিহত ও শতাধিক আহত হওয়ার পর পদত্যাগ করেছেন প্রধানমন্ত্রী কেপি শর্মা ওলি। কারফিউ জারি থাকলেও বিক্ষোভ অব্যাহত রয়েছে, হামলা হয়েছে দেশটির শীর্ষ নেতাদের বাড়িতেও।

নেপালে দুর্নীতিবিরোধী আন্দোলন রূপ নিয়েছে ব্যাপক ছাত্র-জনতার বিক্ষোভে। আন্দোলনের দ্বিতীয় দিনে দেশজুড়ে উত্তেজনা ছড়িয়ে পড়েছে। রাজধানী কাঠমান্ডুসহ বিভিন্ন শহরে বিক্ষোভ চলতে থাকে।

স্থানীয় সময় সোমবার (৮ সেপ্টেম্বর) সামাজিক যোগাযোগমাধ্যম উন্মুক্তকরণ এবং প্রধানমন্ত্রী কেপি শর্মা ওলির পদত্যাগের দাবিতে বড় আকারের বিক্ষোভ শুরু হয়। এসময় পুলিশের সঙ্গে সংঘর্ষে অন্তত ১৯ জন নিহত এবং একশ’র বেশি মানুষ আহত হন।

অবস্থার অবনতির পরও বিক্ষোভকারীরা কারফিউ ভেঙে রাজপথে নেমে আসেন। এমনকি সাবেক প্রধানমন্ত্রী শের বাহাদুর দেউবাসহ একাধিক শীর্ষ রাজনৈতিক নেতার বাড়িতে হামলার ঘটনাও ঘটে।

দুর্নীতির অভিযোগ, তরুণ প্রজন্মের ক্ষোভ এবং প্রাণহানির দায়ে চাপের মুখে মঙ্গলবার পদত্যাগের ঘোষণা দেন প্রধানমন্ত্রী কেপি শর্মা ওলি।